ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯৬২
আগরতলা,২৮ জানুয়ারি,২০২৬

# নানা কর্মসূচির মাধ্যমে আগামী ৩০ জানুয়ারি শহীদ দিবস পালন করা হবে

আগামী ৩০ জানুয়ারি রাজধানী আগরতলায় যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস পালন করা হবে। দেশের স্বাধীনতা সংগ্রামে যে সকল বীর নিজের জীবন উৎসর্গ করেছিলেন তাঁদের স্মৃতির উদ্দেশ্যেই এই দিবসটি পালন করা হয়ে থাকে। শহীদ দিবস উপলক্ষ্যে আগামী ৩০ জানুয়ারি, ২০২৬ সকাল ৮টায় সার্কিট হাউসস্থিত মূর্তি প্রাঙ্গণে ভজন এবং রামধুন গাওয়া হবে। সকাল ৮টা ১০ মিনিটে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। এরপর সকাল ৮টা ২২ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে রাজ্যপাল পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। সেখানে ভজন গাওয়া হবে এবং পবিত্র গ্রন্থ পাঠ করা হবে। এছাড়াও দেশের স্বাধীনতা সংগ্রামে যাঁরা জীবন উৎসর্গ করেছেন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রতি বছর ৩০ জানুয়ারি সকাল ১১টায় দেশব্যাপী ২ মিনিট নীরবতা পালন করা হয়। ঐদিন সকাল ১০টা ৫৯ মিনিট থেকে ১১টা পর্যন্ত সাইরেন বাজানো হবে (যেখানে সাইরেন ব্যবস্থা রয়েছে) এবং সঙ্গে সঙ্গে কাজ ও চলাফেরা ২ মিনিটের জন্য বন্ধ হয়ে যাবে এবং সাইরেন শোনার পর প্রত্যেকেই দাঁড়াবে এবং নীরবতা পালন করবে। যেখানে সাইরেনের ব্যবস্থা নেই সেখানে প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে। সাধারণ প্রশাসন (পলিটিক্যাল) দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****